ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার
******

স-১১৭৯
উদয়পুর, ১৩ জুন, ২০২৫

**ধরতি আবা জনভাগিদারী অভিযান**

**গোমতী জেলায় ২৪টি শিবির করা হবে**

গোমতী জেলায় ধরতি আবা জনভাগিদারী অভিযান শুরু হবে আগামী ১৫ জুন। চলবে ৩০ জুন পর্যন্ত। আজ গোমতী জেলাশাসক কার্যালয়ে এক সাংবাদিক সম্মেলনে একথা জানান জেলাশাসক তড়িৎকান্তি চাকমা। সাংবাদিক সম্মেলনে তিনি জানান, ১৫ জুন রাজর্ষির ২নং হলে গোমতী জেলাভিত্তিক এই কর্মসূচির সূচনা হবে। জেলার ৭টি ব্লকের ৭২টি এডিসি ভিলেজের সুবিধাভোগীদের কাছে বিভিন্ন সুবিধা পৌঁছে দেওয়ার জন্য মোট ২৪টি শিবির করা হবে। এই শিবিরগুলিতে আধারকার্ড, রেশন কার্ড, কাস্ট সার্টিফিকেট, পিআরটিসি, আয়ুষ্মান কার্ড, কেসিসি, জনধন অ্যাকাউন্ট, সামাজিক ভাতার সুবিধা, পিএম বিশ্বকর্মা, মুদ্রা লোন প্রভৃতি বিভিন্ন কর্মসূচির সুবিধা দেওয়া হবে। তিনি আরও জানান, ২০২৮-২৯ অর্থবছর পর্যন্ত ধরতী আবা জনভাগিধারী অভিযান জনজাতি এলাকার সার্বিক বিকাশে চালু থাকবে। আজকের এই সাংবাদিক সম্মেলনে অন্যান্যদের মধ্যে ছিলেন অতিরিক্ত জেলাশাসক সুভাষ আচার্য, সহকারি জেলাশাসক রিমিতা সাহা, তথ্য ও সংস্কৃতি আধিকারিক সুমন দাস।

******